বারাদী বাজারের বিশিষ্ট ব্যবসায়ী কাউছার আহমেদের ইন্তেকাল

মেহেরপুর সদর উপজেলা বারাদী বাজারের বিশিষ্ট সার ব্যবসায়ী বিসিআইসির সার ডিলার ও খোকা এগ্রো ফার্ম এর স্বত্বাধিকারী কাউছার আহমেদ ইন্তেকাল করেছেন।

গতকাল বুধবার রাত ৮.১০ মিনিটের সময় বারাদী বাজারস্ত নিজ বাস ভবনে ইন্তেকাল করেন। তিনি দীর্ঘদিন যাবৎ মরণঘাতী ব্যাধি ক্যান্সারে ভুগছিলেন। ভারত থেকে চিকিৎসা নিয়ে তিনি নিজ বাসভবনে চিকিৎসাধীন অবস্থায় গতকাল বুধবার রাতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

কাওছার আহমেদের মৃত্যু সংবাদে এক পলক দেখার জন্য বারাদী বাজারের ব্যবসায়ীসহ আশেপাশে গ্রামের সুধীজন তাকে দেখতে বারাদী বাজারস্থ বাসভবনের সামনে ভিড় জমান। পরে তার লাশ তার শ্বশুর গ্রাম সিংহাটিতে নেওয়া হয়।

আজ বৃহস্পতিবার সকালে তার নিজ গ্রাম গাংনী থানাধীন সানঘাটে জানাজা নামাজ শেষে দাফন করা হবে বলে জানা যায়। মরহুম কাওছার আহম্মেদ সিংহাটি পশ্চিম পাড়ার বিশিষ্ট রাজনীতিবিদ ও সমাজ সেবক অলি মহাম্মদের বড় জামাতা।

দর্শনা পুরাতন বাজারের বিশিষ্ট ব্যবসায়ী টুকুর ইন্তেকাল

দর্শনা পুরাতন বাজারের বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল হাই টুকু ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। গত বুধবার দিবাগত রাত পৌনে ৩ টার দিকে নিজ বাড়ি হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন। আব্দুল হাই টুকু মরহুম হাজি লাল

মোহাম্মদের ছোট ছেলে।

তিনি ব্যবসার পাশাপাশি একজন সাংস্কৃতি কর্মী ও দর্শনা সাম্প্রতিক সাংস্কৃতিক সংগঠণের উপদেষ্টা ছিলেন। গতকাল বৃহস্পতিবার বাদ আসর দর্শনা কলেজ মাঠে মরহুমের নামাজের জানাযা শেষে পারিবারিক কবরস্থানে তার দাফনকার্য সম্পন্ন হয়।

চুয়াডাঙ্গা জেলা আ.লীগের সাধারন সম্পাদক আজাদুল ইসলাম আজাদ, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলার চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারন সম্পাদক আলী মুনসুর বাবু, পারকৃষ্ণপুর-মদনা ইউপি চেয়ারম্যান এস,এ,এম জাকারিয়া আলম, দামুড়হুদা উপজেলা আ.লীগের সাবেক সভাপতি সিরাজুল আলম ঝন্টু, বিশিষ্ট ব্যাবসায়ী আতিয়ার রহমান হাবু জানাযায় অংশগ্রহণ করেন। জানাযা

তার অকাল মৃত্যুতে রাজনৈতিক, সমাজিক, সাংস্কৃতিক, ব্যবসায়ী সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ মরহুমের আত্মার মাগফেরাত কামনা সহ শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছে। মৃত্যকালে স্ত্রী, সন্তান, ভাই, বোন সহ অসংখ্য শুভাকাঙ্খি রেখে গেছেন।